বার্ষিক প্রতিবেদন ১৯৯৯

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

العرفة اسلامی بنك لميتيد

AL-ARAFAH ISLAMI BANK LIMITED

বার্ষিক প্রতিবেদন ১৯৯৯

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড
العرفة اسلامى بنك لميتيد
AL-ARAFAH ISLAMI BANK LIMITED
(শরীয়াহ্ ও আধুনিক ব্যাংকিং-এর অনন্য সমন্বয়)



আমি ক্রয়-বিক্রয়কে হালাল করেছি,
আর সুদকে করেছি হারাম – *আল্ কুরআন*

সুদ সম্পর্কিত পবিত্র কুরআনের আয়াত

بسم الله الرحمن الرحيم

الَّذِيْنَ يَاْكُلُوْنَ الرِّبٰو لاَ يَقُوْمُوْنَ اِلاَّ كَمَا يَقُوْمُ الَّذِىْ يَتَخَبَّطُهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ . ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا اِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا وَاَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَ حَرَّمَ الرِّبٰوا فَمَنْ جَاءَهُ مَوْعِظَةٌ مِّنْ رَّبِّهِ فَانْتَهٰى فَلَهُ مَا سَلَفَ. وَ اَمْرُهُ اِلَى اللّٰهِ وَمَنْ عَادَ فَاُولٰئِكَ اَصْحٰبُ النَّارِ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ. (٢٧٥)

"যারা সুদ খায়, তারা সেই ব্যক্তির মতো দাঁড়াবে যাকে শয়তান তার স্পর্শ দ্বারা জ্ঞানশূন্য করে দিয়েছে। তাদের অবস্থা এরূপ হওয়ার কারণ, তারা বলে : ব্যবসা তো সুদেরই মতো অথচ আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন আর সুদকে করেছেন হারাম। কাজেই যে ব্যক্তির নিকট তার রবের তরফ থেকে এই উপদেশ পৌছবে এবং ভবিষ্যতে এই সুদ খাওয়া হতে বিরত থাকবে– সে আগে যা কিছু খেয়েছে তা তো খেয়েছেই, সে ব্যাপারটি সম্পূর্ণরূপে আল্লাহরই উপর সোপর্দ। আর যারা নির্দেশ পাওয়ার পরও এর পুনরাবৃত্তি করবে তারা নিশ্চিতরূপে জাহান্নামী, সেখানে তারা চিরকাল থাকবে।" (সূরা বাকারাহ্-২৭৫)

يَا اَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَذَرُوْا مَا بَقِىَ مِنَ الرِّبٰوا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ. (٢٧٨)

"হে ঈমানদারগণ! আল্লাহ্কে ভয় করো, আর তোমাদের যে সুদ লোকদের নিকট পাওনা রয়েছে, তা ছেড়ে দাও, যদি বাস্তবিকই তোমরা ঈমানদার হয়ে থাকো।" (সূরা বাকারাহ্-২৭৮)

সুদ সম্পর্কে মহানবী (সাঃ) এর বাণী

- হযরত আব্দুল্লাহ ইব্নে মাসউদ (রাঃ) বর্ণনা করেছেন– রাসুলুল্লাহ (সাঃ) সুদদাতা ও সুদগ্রহীতা উভয়ের উপর অভিশাপ (লা'নত) দিয়েছেন। (মুসলিম, আবু দাউদ, তিরমিযী, ইবনে মাজাহ্)
- হযরত জাবির বিন আব্দুল্লাহ (রাঃ) বর্ণনা করেছেন– রাসুলুল্লাহ (সাঃ) সুদদাতা, সুদগ্রহীতা, সুদের চুক্তিপত্রের লেখক ও সাক্ষী সকলের উপর অভিশাপ (লা'নত) দিয়েছেন এবং বলেছেন, তারা সকলে সমান অপরাধী। (মুসলিম শরীফ)
- হযরত আব্দুল্লাহ বিন আবু আওফা (রাঃ) বর্ণনা করেছেন– রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন, সুদভিত্তিক মুদ্রা ব্যবসায়ীদের জাহান্নামের খবর পৌঁছে দিও। (তাবরানী)

সুদ সম্বন্ধে অন্যান্য ধর্ম ও বিজ্ঞজনের বাণী

হযরত মুসা (আঃ)-এর দু'টি কিতাব, যা ইহুদীদের ধর্মগ্রন্থ বলে বিবেচিত, সেগুলোতে সুদকে অবৈধ ঘোষণা করা হয়েছে। 'Exodus'-এর ২২তম স্তবকে বলা হয়েছে, "তোমরা যদি আমার কোন গরীব লোককে টাকা ধার দাও, তবে তোমরা তার উত্তমর্ণ মহাজন হবে না এবং তোমরা তার কাছ থেকে সুদ আদায় করবে না।"

অনুরূপভাবে ইহুদীদের দ্বিতীয় আরও একটি গ্রন্থ 'Deuteronomy'-এর ২৩তম স্তবকে বলা হয়েছে, "তোমরা তোমাদের ভাইকে সুদে ধার দেবে না – অর্থের উপর সুদ, খাদ্য সামগ্রীর উপর সুদ এবং যে কোন জিনিস যা ধার দেয়া হয় তার উপর সুদ।"

হিব্রু মতবাদকে মুসাই বা ইহুদী মতবাদ বলা হয়। "Mosaic Laws" বা হযরত মুসা (আঃ) প্রবর্তিত Commands বা আদেশবাণীই হিব্রু মতবাদের ভিত্তি। এতে অন্যান্য আর্থনীতিক দিকের মধ্যে সুদ সম্পর্কিত স্পষ্ট নির্দেশ আছে।

হিন্দু মতবাদ মতে মহাজনী ব্যবসা বা সুদের ব্যবসা শুধু বৈশ্যদের একচেটিয়া ছিল। প্রাচীন Mosaic অনুশাসনে সুদ সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। কিন্তু এই বিধান ছিল সম্পূর্ণভাবে ইহুদীদের জন্যে।

এক ইহুদী অন্য ইহুদীকে টাকা বা জিনিস ধার দিয়ে কোন রকম সুদ নিতে পারতো না। কিন্তু ভিন্ন ধর্মাবলম্বী লোকদের নিকট ধার দিয়ে সুদ নেয়ার বিধান প্রচলিত ছিল।

কোন কোন লেখক 'তালমুদ' গ্রন্থ হতে উদ্ধৃতি দিয়ে বলেন যে, কেবল ইহুদী নয় কারো নিকট হতে সুদ নেয়া হিব্রু পয়গাম্বরগণ নিষিদ্ধ করে দিয়েছেন। (–Eric Roll– A History of Economic Thought : Page 48)

খ্রীষ্ট ধর্মের একেবারে শুরু থেকে সংস্কার আন্দোলনের অভ্যুত্থান এবং রোমে পোপের আওতাধীন চার্চ হতে অন্যান্য চার্চের বিভক্তিকাল পর্যন্ত সুদ নিষিদ্ধ ছিল। Christ said, "Lend hoping for nothing again. (Luke vi.35 Haney : History of Economic Thought. 1964, Page 101)

সূচিপত্র

পঞ্চম পরিচালক পর্ষদ	৬
দ্বিতীয় শরীয়াহ্ কাউন্সিল	৭
নির্বাহীবৃন্দ	৮
List of Correspondent Banks and Agents	৯
পঞ্চম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি	১০
পরিচালক পর্ষদের প্রতিবেদন	১১
আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর পাঁচ বছর	২৫
শরীয়াহ্ কাউন্সিলের প্রতিবেদন	২৬
নিরীক্ষকদের প্রতিবেদন	২৭
ব্যালেন্স শীট	২৮
লাভ-লোকসান হিসাব	৩০
১৯৯৯ সালের ৩১ ডিসেম্বরে সমাপ্ত বছরের হিসাবের টীকা	৩২
শাখার তালিকা	৪০
প্রতিনিধি পত্র	

পঞ্চম পরিচালক পর্ষদ

ক্রমিক নং	উদ্যোক্তা পরিচালক	পেশা	ঠিকানা
০১।	আলহাজ্ব এ. জেড. এম. শামসুল আলম	সরকারের সাবেক সচিব	১৫/৩, নিউ বেইলী রোড (২য় তলা), ঢাকা।
০২।	আলহাজ্ব মোঃ হারুন-অর-রশীদ খান	ব্যবসা	বাড়ী # ১৯, রোড # ১৯/এ, বনানী, ঢাকা।
০৩।	আলহাজ্ব আহমেদ আলী	ব্যবসা	৯৬, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
০৪।	আলহাজ্ব নাজমুল আহসান খালেদ	ব্যবসা	৭৬০, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা।
০৫।	আলহাজ্ব মোঃ সাইফুল আলম	ব্যবসা	৯৫০, আসাদগঞ্জ, ওসমান মঞ্জিল, ২য় তলা, চট্টগ্রাম।
০৬।	আলহাজ্ব ডাঃ বাহাউদ্দিন মুহাম্মাদ ইউসুফ	ব্যবসা	বি-১/১৫, মসজিদ রোড, নিউ ডিওএইচএস, ঢাকা।
০৭।	আলহাজ্ব আব্দুল মালেক মোল্লা	ব্যবসা	২, নিউ ইস্কাটন, ঢাকা ডায়িং গার্মেন্টিস, মগবাজার, ঢাকা।
০৮।	আলহাজ্ব ডাঃ ডি. এম. আমানুল হক	ব্যবসা	৯/এ, উত্তর ধানমন্ডি, কলাবাগান, ঢাকা।
	প্রতিনিধি ঃ এ,এস,এম, মঈন উদ্দিন মোনেম বিকল্প পরিচালক	ব্যবসা	৬, হাবিবুল্লাহ বাহার রোড, শাহবাগ, ঢাকা।
০৯।	আলহাজ্ব মোঃ আব্দুল হাদী	ব্যবসা	৩১৮, সিরাজ উদ্দৌলা রোড, চন্দনাপুরা, চট্টগ্রাম।
১০।	আলহাজ্ব মুহাম্মাদ হারুন	ব্যবসা	১০২৫/বি, হাউজিং সোসাইটি, নাসিরাবাদ, চট্টগ্রাম।
	প্রতিনিধি ঃ জনাব আকবর হোসাইন, বিকল্প পরিচালক	ব্যবসা	১০২৫/বি, হাউজিং সোসাইটি, নাসিরাবাদ, চট্টগ্রাম।
১১।	আলহাজ্ব মোঃ বাদশা মিয়া	ব্যবসা	১০২৫/বি, হাউজিং সোসাইটি, নাসিরাবাদ, চট্টগ্রাম।
১২।	আলহাজ্ব মোঃ এজহার মিয়া	ব্যবসা	১, আমির আলী চৌধুরী রোড, আমির মার্কেট খাতুনগঞ্জ, চট্টগ্রাম।
১৩।	আলাহাজ্ব হাফেজ মোঃ এনায়েত উল্যা	ব্যবসা	২, মকিম কাটারা, মৌলভীবাজার, ঢাকা।
১৪।	আলহাজ্ব মোঃ নূরুল হক	ব্যবসা	২৩২-২৩৪, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১৫।	আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন	ব্যবসা	রোড # ১, বাড়ী # ৬, ধানমন্ডি, ঢাকা।
১৬।	আলহাজ্ব কাজী মোঃ মফিজুর রহমান	ব্যবসা	৪০/১, ইনার সার্কুলার রোড, নয়া পল্টন, ঢাকা।
১৭।	আলহাজ্ব মীর আহামদ সওদাগর	ব্যবসা	২৮১, নিউ চাকতাই, চট্টগ্রাম।
	প্রতিনিধি ঃ আলহাজ্ব আব্দুস সালাম, বিকল্প পরিচালক	ব্যবসা	২৮১, নিউ চাকতাই, চট্টগ্রাম।
১৮।	আলহাজ্ব মুহাম্মাদ ইয়াহিয়া	ব্যবসা	বাড়ী # ২৪, রোড # ১, জাকির হোসেন রোড, খুলসি, চট্টগ্রাম।
১৯।	আলহাজ্ব বদিউর রহমান	ব্যবসা	প্রিয় প্রাঙ্গণ, কক্ষ নং ০৫০৬, ২, পরিবাগ, ঢাকা।
২০।	আলহাজ্ব মুহাম্মাদ মাহতাবুর রহমান	ব্যবসা	পোঃ বক্স # ১৩৭৫৪, দেউরা, দুবাই, ইউ এ ই।
	প্রতিনিধি ঃ সৈয়দ বশির আহমেদ, বিকল্প পরিচালক	ব্যবসা	১২/২, তাজমহল রোড, নীচ তলা, মোহাম্মদপুর, ঢাকা।
২১।	আলহাজ্ব আব্দুল মোক্তাদীর	ব্যবসা	৭৫/৮, সুখুম্বিত রোড, সোল-৩ ব্যাংকক-১০১১০, থাইল্যান্ড।
	প্রতিনিধি ঃ কাজী শাহ্ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ), বিকল্প পরিচালক	ব্যবসা	১০, দিলকুশা, জীবন বীমা ভবন, ৯ম তলা, ঢাকা।
২২।	আলহাজ্ব কাজী আবু কাউছার	ব্যবসা	৭১, মতিঝিল বা/এ, (৫ম তলা), ঢাকা।
২৩।	আলহাজ্ব ফজলুর রহমান	ব্যবসা	পোস্ট বক্স # ১৩৭৫৪, দুবাই, ইউ এ ই।
	প্রতিনিধি ঃ জনাব মোঃ কফিলুর রহমান, বিকল্প পরিচালক	ব্যবসা	মেসার্স কাজী এন্ড সন্স, লালদীঘির পার, সিলেট।
	পরিচালক (বি গ্রুপ)		
২৪।	আলহাজ্ব খন্দকার মেসবাহ্ উদ্দিন আহ্মেদ	ব্যবসা	প্রিয় প্রাঙ্গণ, কক্ষ নং ০৫০৫, ২ পরিবাগ, ঢাকা।
২৫।	আলহাজ্ব মোঃ সিরাজ-উদ-দৌলা	ব্যবসা	মোহাম্মদিয়া হাউজিং, ৯৩, মতিঝিল বা/এ, ঢাকা।
	পরিচালক (পদাধিকার বলে)		
২৬।	আলহাজ্ব আব্দুল আহাদ (ব্যবস্থাপনা পরিচালক) (৩১.১২.১৯৯৯ পর্যন্ত)	চাকুরী	৩/সি, হোপ এপার্টমেন্ট, ২১ সিদ্ধেশ্বরী, ঢাকা।

মোঃ আব্দুল মতিন
কোম্পানী সচিব

দ্বিতীয় শরীয়াহ্ কাউন্সিল *

মাওলানা মুফতী আব্দুর রহমান	–	*চেয়ারম্যান*
মাওলানা রুহুল আমীন	–	*সদস্য সচিব*
মাওলানা মুহিউদ্দীন খান	–	*সদস্য*
মাওলানা রূহুল আমীন খান	–	*সদস্য*
জনাব মাইমুল আহ্সান	–	*সদস্য*
মাওলানা ইউসুফ আব্দুল মজিদ	–	*সদস্য*
জনাব এ. জেড. এম. শামসুল আলম	–	*সদস্য*

★ *বাংলাদেশ ব্যাংক-এর লেটার অব ইনটেন্ট, বিসিডি (পি) ৭৪৪ (ক) ২৩২৩, তারিখ ৬.১২.১৯৯৪-এর প্রদত্ত শর্তানুযায়ী (ড) গঠিত।*

নির্বাহীবৃন্দ

ব্যবস্থাপনা পরিচালক
আব্দুল আহাদ
(৩১.১২.১৯৯৯ পর্যন্ত)

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট
মতিনউদ্দিন আহমদ

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
মোঃ সিরাজুল ইসলাম ভূঁইয়া
এ. কে. এম. ফজলুল হক
এস. এ. এম. হাবিবুর রহমান

ভাইস প্রেসিডেন্ট
ফয়েজ আহমদ
মোহাম্মদ গোলাম সরওয়ার
মোঃ তোফাজ্জল হোসেন
মোঃ আনিছুর রহমান
মোঃ আব্দুল গোফরান
সৈয়দ এমদাদুল হক
মোঃ আব্দুল মতিন

সহকারী ভাইস প্রেসিডেন্ট
মোঃ মোয়াজ্জম হোসেন
মোঃ মিজানুর রহমান
হাদী ফেরদাউস আহমদ
মোঃ মাহতাব হোসেন
মোঃ আওকাত আলী
এ. এইচ. এম. মুসা
মোঃ এমদাদুল হক
মোল্লা আলী আহমদ
এ. এইচ. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী
মোঃ আবদুল হক
মোঃ আবদুল জলিল মিয়া
মোঃ নূরুল আবসার
মোঃ নাজির আহমদ চৌধুরী
মোঃ শাহ্‌জাহান
মোঃ আতিকুর রহমান
মোঃ এনামুল হক
শেখ মঈন উদ্দিন
মোঃ আবুল কাশেম
খন্দকার এনায়েত হোসেন
মোঃ আনিছুর রহমান

নিরীক্ষক

এম. আহমেদ এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস
৭, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।

আলম চৌধুরী মোস্তফা এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস
৭৩/৩, গ্রীন রোড, ঢাকা।

নিবন্ধনকৃত কার্যালয়
রহমান ম্যানশন, ১৬১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ৯৫৬৮০০৭, ৯৫৬০১৯৮, ৯৫৬৭৮৮৫, ৯৫৬৭৮১৯
ফ্যাক্স : ৮৮০-২-৯৫৬৯৩৫১, টেলেক্স : ৬৩২৪০৯ AIBMBJ
E-mail : alarafah@bangla.net

List of Correspondent Banks and Agents

01. Standard Chartered Bank Ltd. (Global)
02. American Express Ltd. (Global)
03. Hong Kong Shanghai Banking Corporation Ltd. (Global)
04. Bank of Tokyo-Mitsubishi Ltd. (Global)
05. Sonali Bank, Calcutta
06. Veriens Und Westbank, Hamburg, Frankfurt
07. Romanian Commercial Bank-Bucharest, Romania
08. Mashreq Bank PSC, New York, London, Dubai, Hong Kong
09. Bayerische Vereins Bank, Munich
10. ABN Amro Bank, Hamburg, Germany
11. Danske Bank, A/S. Copenhagen, Denmark
12. Midland Bank, London
13. Dresdner Bank AG, Frankfurt
14. Creditanstalt Vienna, Austria
15. Pamuk Bank, Istanbul, Turkey
16. Banque Saradar Sal Beirut, Lebanon
17. Comma Bank Ltd., Kenya
18. Svenska Handels Banken, Sweden
19. Deutche Bank AG, Hamburg, Frankfurt
20. Bank Kreiss AG, Frankfurt, Germany
21. Bank One N A, Hong Kong
22. The Bank of New York, New York
23. A B N Amro Bank, Amsterdam, The Netherlands
24. Credito Bergamasco, Italy
25. Deutsche Bank, Milano, Italy
26. Bank Austria, Vienna
27. Skandinaviaka Enskilda Banken, Sweden
28. Arab Banking Corporation, Singapore
29. Union De Bangues Arabeset Francais, (UBAF) Singapore
30. Al-Rajhi Banking and Investment Corporation, Riyadh
31. Bank Islam Malaysia, Kuala Lumpur
32. Bank Al-Jazira, K.S.A.
33. Kenya Commercial Bank, Kenya
34. BHF Bank, Frankfurt, Germany
35. Bank Hadlowi-Warsaw, Polland

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়
১৬১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

পঞ্চম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর পঞ্চম বার্ষিক সাধারণ সভা নিম্নোল্লেখিত কার্যাবলী সম্পাদনকল্পে আগামী ২১ নভেম্বর, ২০০০ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হবে ঃ

আলোচ্যসূচি

১। ২৩ আগষ্ট, ১৯৯৯ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের চতুর্থ বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

২। ৩১ ডিসেম্বর, ১৯৯৯ তারিখে সমাপ্ত বছরের ব্যালেন্স শীট ও লাভ-লোকসান হিসাব এবং এর উপর পরিচালক পর্ষদ ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।

৩। ১৯৯৯ সালের লভ্যাংশ ঘোষণা।

৪। ব্যাংকের সংঘবিধি অনুযায়ী উদ্যোক্তা পরিচালকগণের অবসর গ্রহণ ও পুনঃনির্বাচন।

৫। ব্যাংকের পরবর্তী বার্ষিক সাধারণ সভার সমাপ্তি পর্যন্ত নিরীক্ষক নিয়োগ এবং তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।

৬। চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অন্য কোনো বিষয়।

ব্যাংকের সকল সম্মানিত শেয়ারহোল্ডারকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্যে অনুরোধ করা যাচ্ছে।

বোর্ডের আদেশক্রমে,

তারিখ, ঢাকা
১২ অক্টোবর, ২০০০

মোঃ আব্দুল মতিন
কোম্পানী সচিব
ফোন ঃ ৭১১৩৬৯৪

দ্রষ্টব্য

১। ব্যাংকের শেয়ার ট্রান্সফার রেজিস্টার ৩.১১.২০০০ থেকে ২১.১১.২০০০ (উভয় দিনসহ) পর্যন্ত বন্ধ থাকবে।

২। সাধারণ সভায় উপস্থিত ও ভোটদানের যোগ্য কোন শেয়ারহোল্ডার তাঁর পরিবর্তে সভায় উপস্থিত ও ভোটদানের জন্য একজনকে প্রক্সি মনোনীত করতে পারেন। প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ করে ৮/- টাকা মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্পসহ সভার কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে ব্যাংকের শেয়ার বিভাগে (১২৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০) অবশ্যই জমা দিতে হবে।

৩। সভায় বক্তব্য দানকারী/সম্মানিত শেয়ারহোল্ডারদের কোন প্রশ্ন থাকলে সভার ৭ দিন পূর্বে ব্যাংকের প্রধান কার্যালয়/শেয়ার বিভাগে (১২৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা) পাঠানোর জন্যে বিনীত অনুরোধ করা হচ্ছে।

৪। সভার দিন বেলা ১২:০০ টার মধ্যে সম্মানিত শেয়ারহোল্ডারদের নাম সংশ্লিষ্ট কাউন্টারে অবশ্যই নিবন্ধন করার জন্যে অনুরোধ করা হচ্ছে। বেলা ১২:০০ টার পর নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

৫। সভাকক্ষের আসন কেবলমাত্র সম্মানিত শেয়ারহোল্ডার/প্রক্সিহোল্ডারদের জন্যে সংরক্ষিত।

পরিচালক পর্ষদের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম।

সমস্ত প্রশংসা নিখিল জাহানের মালিক আল্লাহ্ তায়ালার জন্যে। শান্তি ও কৃপা বর্ষিত হোক রাসুল মুহাম্মাদ (সঃ), তাঁর বংশধর ও সাহাবীগণের উপর।

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহ্‌মাতুল্লাহ,

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

পরিচালক পর্ষদ আনন্দের সাথে পঞ্চম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে খোশ্-আম্‌দেদ জানাচ্ছে এবং ৩১.১২.১৯৯৯ তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণীসহ ব্যাংকের বার্ষিক প্রতিবেদন আপনাদের সম্মুখে উপস্থাপন করছে।

১। বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অর্থনৈতিক স্থিতিশীলতাসহ আর্থ-সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নয়ন সাধিত হয়েছে। ১৯৯৮-৯৯ অর্থ বছরে শতাব্দীর ভয়াবহতম বন্যা ও তৎপরবর্তী সমস্যাবলী কাটিয়ে সঠিক কৃষিনীতি ও বন্যা-উত্তর পুনর্বাসন কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করে কৃষিতে বাম্পার ফলন সম্ভব হয়েছে।

অভ্যন্তরীণ সম্পদের মোট প্রবৃদ্ধির (জিডিপি) হার পূর্ববর্তী বছরের ৫.২ শতাংশ থেকে ১৯৯৮-৯৯ অর্থ বছরে ৪.৯ শতাংশে হ্রাস পেয়েছিল। কিন্তু ১৯৯৯-২০০০ অর্থ বছরে তা ৫.৪৭ শতাংশে উন্নীত হয়েছে। স্থির মূল্যে ম্যানুফ্যাকচারিং শিল্পে প্রবৃদ্ধির হার ১৯৯৭-৯৮ অর্থ বছরের ৮.৫ শতাংশ থেকে হ্রাস পেয়ে ১৯৯৮-৯৯ অর্থ বছরে ৩.২ শতাংশে দাঁড়িয়েছিল। ১৯৯৯-২০০০ অর্থবছরে তা খানিকটা বেড়ে দাঁড়িয়েছে ৪.২ শতাংশে। মূল্যস্ফীতির হার ১৯৯৭-৯৮ অর্থ বছরের শতকরা ৬.৯৯ ভাগ হতে ১৯৯৮-৯৯ অর্থ বছরে শতকরা ৮.৯০ ভাগে বৃদ্ধি পেয়েছিল। ১৯৯৯-২০০০ অর্থবছরে তা কমে ৫.০৮ শতাংশে নেমেছে।

২। ব্যাংকিং সেক্টরে প্রবৃদ্ধির হার

দেশের মোট অভ্যন্তরীণ ঋণ ১৯৯৭-৯৮ সালে ১২.৬% থেকে ১৯৯৮-৯৯ অর্থ বছরে ১৩.০১% -এ বৃদ্ধি পেয়েছে। ১৯৯৭-৯৮ সালে বেসরকারী খাতে ঋণের পরিমাণ ছিল ১৩%। তা ১৯৯৮-৯৯ সালে বৃদ্ধি পেয়ে ১৩.০৮%-এ দাঁড়িয়েছে। ১৯৯৭-৯৮ সালে অর্থ সরবরাহ সম্প্রসারণের পরিমাণ ছিল ৪.০৮% যা ১৯৯৮-৯৯ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৮.০৬%। ১৯৯৮-৯৯ সালে ব্যাংকের আমানত বৃদ্ধির শতকরা হার ১৪.০২% (৫৯২,৩৪০ মিলিয়ন টাকা) যা পূর্ববর্তী বছরে ছিল ১১.০৩%।

১৯৯৮-৯৯ সালে রপ্তানী আয়ের পরিমাণ ছিল ৫৩২৪ মিলিয়ন মার্কিন ডলার; যা পূর্ববর্তী বছরে ছিল ৫১৭২ মিলিয়ন মার্কিন ডলার, অর্থাৎ প্রবৃদ্ধির হার ২.০৯%। ১৯৯৮-৯৯ সালে আমদানীর জন্যে পরিশোধ করা হয়েছিল ৮০১৮ মিলিয়ন মার্কিন ডলার যা পূর্ববর্তী বছরের চেয়ে ৬.০৬% বেশী। আমদানীর জন্যে অতিরিক্ত পরিশোধ করার কারণে কারেন্ট একাউন্ট ঘাটতির পরিমাণ ছিল ৩৯৪ মিলিয়ন মার্কিন ডলার। এ ঘাটতির পরিমাণ পূর্ববর্তী বছরে ছিল ২৫৩ মিলিয়ন মার্কিন ডলার।

বাংলাদেশ ব্যাংক ঋণের প্রবাহ বৃদ্ধি তথা অর্থনীতিতে গতি সঞ্চারের লক্ষ্যে ২৯ আগষ্ট, ১৯৯৯ সাল থেকে ব্যাংক রেট কমিয়ে শতকরা ৮ ভাগ থেকে শতকরা ৭ ভাগে নির্ধারণ করেছে এবং Insider Lending নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে নিম্নোক্ত নির্দেশ জারী করেছে ঃ

(ক) ব্যাংক পরিচালকগণ নিজ নামে ধারণকৃত শেয়ারের শতকরা ৫০ ভাগের অধিক ঋণ নিতে পারবেন না এবং ঋণ গ্রহণ করতে হলে ব্যাংকের পরিচালনা পর্ষদ ও সাধারণ সভার অনুমোদন আবশ্যক হবে।

(খ) Insider Lending-এ স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ব্যাংকগুলোকে পরিচালকবৃন্দ কর্তৃক গৃহীত ঋণের পরিমাণ স্থিতিপত্রে প্রদর্শনের নির্দেশ দেয়া হয়েছে।

৩। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর অনন্য বৈশিষ্ট্য

- ব্যাংকের সকল কার্যক্রমে সুদের লেনদেন সম্পূর্ণরূপে বর্জন করা ব্যাংকের অন্যতম প্রধান নীতি। সুদের বৈধ বিকল্প মুনাফা। সুদের পরিবর্তে মুশারাকা, মুদারাবা, বাই-মুয়াজ্জাল, হায়ার পার্চেজ, লিজিং, কর্জ্ব, ইত্যাদি বিভিন্ন সুদ বিবর্জিত পদ্ধতিতে (Modes) হালাল ব্যবসায় ব্যাংক বিনিয়োগ করে; যার লক্ষ্য হচ্ছে ইহলোকে জনগণের অর্থনৈতিক সমৃদ্ধি ও কল্যাণ এবং পরলোকের মুক্তি।

- সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং সম্পদের সুষম বন্টনের মাধ্যমে আর্থ ব্যবস্থার লক্ষ্য অর্জনের সহায়ক শক্তি হিসেবে কাজ করতে এ ব্যাংক প্রতিশ্রুতিবদ্ধ।

- পারিপার্শ্বিকতা ও পরিবেশের দাবী অনুসারে এবং সমগ্র দেশের চাহিদার প্রতি লক্ষ্য রেখেই হালাল ব্যবসায় ব্যাংক বিনিয়োগ করে। অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্যে ও রাষ্ট্রীয় উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে গৃহীত নানাবিধ উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন এবং অবকাঠামো গঠনের প্রয়াসে ব্যাংক অংশ গ্রহণ করে।

- পর্যালোচনাধীন বছরে বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার শতকরা ৭০ ভাগ ব্যাংকের সকল মুদারাবা জমাকারীদের মধ্যে বন্টন করা হয়েছে।

- মুদারাবা পদ্ধতিতে আমানতকারীগণ ব্যাংকের বিনিয়োগকৃত আয়ের অংশীদার।

- কল্যাণমুখী ব্যাংকিং ব্যবস্থার প্রবর্তন, স্বল্প আয়ের মানুষের আর্থিক উন্নয়ন, বেকার যুবকদের কর্মসংস্থান, অনুন্নত গ্রামীণ এলাকার সুষম উন্নয়নে ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে বদ্ধপরিকর।

- ইসলামের ভ্রাতৃত্ববোধ, শান্তি, সৌহার্দ ও সম্প্রীতিবোধ এবং কোরআন ও সুন্নাহর অনুসরণে ব্যাংকের সকল কর্মকর্তা কর্মচারীর মধ্যে প্রাতিষ্ঠানিক একাত্মতা সৃষ্টির মাধ্যমে গ্রাহকদের জন্যে উন্নত সেবা প্রদানে তাদেরকে অনুপ্রাণিত ও উদ্বুদ্ধ করা হয়।

- অর্থনৈতিক কর্মকান্ডের পাশাপাশি জনকল্যাণকর কর্মকান্ডে ব্যাংক অবদান রেখে চলছে। আল-আরাফাহ্ কিন্ডারগার্টেন মাদ্রাসা (ইংলিশ মিডিয়াম) ও গণ গ্রন্থাগার পরিচালনা এ সকল কর্মকান্ডের মধ্যে অন্যতম।

৪। মূলধন

১৯৯১ সালের ব্যাংক কোম্পানী আইন এবং ১৯৯৪ সালের কোম্পানী আইনের বিধান মোতাবেক জনসাধারণের মধ্যে ১৯৯৮ সালে শেয়ার বিক্রয়ের ফলে ব্যাংকের পরিশোধিত মূলধন ১২৬.৫০ মিলিয়ন (প্রাথমিক জমা ১০১.২০ মিলিয়ন + বোনাস শেয়ার ২৫.৩০ মিলিয়ন) টাকা থেকে ২৫৩.০০ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। এতে জনসাধারণের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে।

পরিশোধিত মূলধন



৫। ব্যাংকের আমানত

ব্যাংকের জমা ৩১.১২.৯৮ তারিখে ৪৫৩৪.৭৪ মিলিয়ন টাকা থেকে ৩১.১২.৯৯ তারিখে ৬৪১৫.৭৯ মিলিয়ন টাকায় বৃদ্ধি পেয়েছে। প্রবৃদ্ধির হার ৪১.৪৮ শতাংশ। একই সময়ে দেশের ব্যাংকিং খাতে এই প্রবৃদ্ধির গড় হার ছিল শতকরা ১৪.২০ ভাগ। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকে পূর্ববর্তী বছরের ৯০ শতাংশ প্রবৃদ্ধির স্থলে পর্যালোচনাধীন বছরে ১৪১ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। এটি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের জনপ্রিয়তা বৃদ্ধি এবং জমাদাতাদের সমর্থন ও আস্থার বহিঃপ্রকাশ। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক ইতোমধ্যে আমানত সংগ্রহের উদ্দেশ্যে নিম্নলিখিত প্রকল্পসমূহ চালু করেছে যা ক্রমশ জনপ্রিয়তা লাভ করছে ঃ

আমানত



ক. মুদারাবা মেয়াদী সঞ্চয়ী জমা

এ প্রকল্পাধীনে মাসে ২০০ টাকা, ৩০০ টাকা, ৫০০ টাকা, ১০০০ টাকা, ১৫০০ টাকা এবং ২০০০ টাকা হারে জমা রাখা হয়। এই স্কীমের অধীনে জমার মেয়াদ ৫, ৮, ১০ কিংবা ১২ বছর।

খ. মাসিক মুনাফা প্রদানভিত্তিক ৫ বছর মেয়াদী মুদারাবা জমা

এ প্রকল্পের অধীনে ৫ বছর মেয়াদের জন্য ১.০০ লাখ, ১.১০ লাখ,. ১.২০ লাখ ও ১.২৫ লাখ টাকা কিংবা তার গুণিতক অংকে জমা গ্রহণ করা হয়। পর্যালোচনাধীন বছরে ব্যাংক লাখ প্রতি মাসিক ৯৬৯.০০ টাকা এবং তদুর্ধ্ব জমার জন্যে আনুপাতিক হারে মুনাফা প্রদান করেছে।

গ. মাসিক হজ্ব জমা

মাসিক কিস্তির ভিত্তিতে ১ থেকে ২০ বছর সময়ের জন্যে হজ্ব জমা গ্রহণ করা হয়। আমানতকারীগণ এ হিসাবে জমা সঞ্চয় করে লভ্যাংশসহ সঞ্চিত অর্থে হজ্ব পালন করতে পারেন।

ঘ. এককালীন হজ্ব জমা

এ প্রকল্পের অধীনে একটা নির্দিষ্ট অংকের জমা নির্দিষ্ট মেয়াদের জন্যে গ্রহণ করা হয়। নিয়ম মাফিক এ জমার সাথে বছর বছর লভ্যাংশ যুক্ত হতে থাকে। যখনই এ ধরনের জমার মেয়াদ পূর্ণ হয় তখন তা দিয়ে জমাদাতা হজ্ব ব্যয় নির্বাহ করতে পারেন। এ প্রকল্পাধীনে অভিভাবকরা তাদের উত্তরাধিকারীর হজ্ব পালনের জন্যেও হিসাব খুলতে পারেন। ব্যাংক এ ধরনের জমার উপর সর্বোচ্চ হারে মুনাফা প্রদান করে।

ঙ. সঞ্চয় বিনিয়োগ জমা

এ প্রকল্পাধীনে মাসিক কিস্তি ভিত্তিতে জমা গ্রহণ করা হয়। নির্দিষ্ট মেয়াদান্তে লাভজনক খাতে বিনিয়োগের উদ্দেশ্যে সহায়ক জমানত ছাড়া জমাদাতাকে তাঁর জমার দ্বিগুণ পরিমাণ বিনিয়োগ প্রদান করা হয়। এ প্রকল্পে যে কোনো ব্যক্তি তাঁর সঞ্চিত টাকা এবং ব্যাংকের বিনিয়োগ গ্রহণ করে ব্যবসার উদ্যোগ গ্রহণ করতে পারেন।

চ. বিবাহ সঞ্চয় জমা ও বিনিয়োগ প্রকল্প

বিবাহের ব্যয় নির্বাহের জন্যে এ ধরনের হিসাবে মাসিক নির্দিষ্ট কিস্তিতে নির্ধারিত সময় পর্যন্ত টাকা জমা রাখতে হয়। গহনা, আসবাবপত্র ইত্যাদি কেনার জন্যে ব্যাংক জমার দ্বিগুণ কিংবা ৩০,০০০ টাকার মধ্যে যা বেশী সে পরিমাণ বিনিয়োগ প্রদান করে। বিনিয়োগের জন্যে সহায়ক জামানতের প্রয়োজন হয় না।

ছ. সঞ্চয় বন্ড জমা

এ প্রকল্পের অধীনে ৩ বছর, ৫ বছর ও ৮ বছর মেয়াদের জন্যে ব্যাংক ১০,০০০ টাকা ২৫,০০০ টাকা ও ১০০,০০০ টাকার মুদারাবা সেভিংস বন্ড চালু করেছে। মেয়াদ শেষে মুনাফাসহ বন্ডের টাকা দেড়গুণ, এমনকি দ্বিগুণ হওয়ার সম্ভাবনা আছে, ইনশাআল্লাহ্।

৬. বিনিয়োগ

পূর্ববর্তী বছরের ২২৫৯.৭৬ মিলিয়ন টাকা থেকে বিনিয়োগ বৃদ্ধি পেয়ে পর্যালোচনাধীন বছরে ৩৩০৬.৩৮ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। এ ক্ষেত্রে প্রবৃদ্ধির হার ৪৬.৩২ শতাংশ। আলোচ্য বছরে এক্ষেত্রে দেশের ব্যাংকিং খাতে বিনিয়োগ বৃদ্ধির হার ছিল শতকরা ১১.৫২ ভাগ। দেশের ব্যবসা-বাণিজ্য পর্যালোচনাধীন বছরে খুব গতিশীল না থাকলেও এ ব্যাংকের বিনিয়োগ হ্রাস না পেয়ে ক্রমাগত বৃদ্ধি পেয়েছে। নতুন বিনিয়োগ প্রোডাক্ট প্রচলনের মাধ্যমে ব্যাংকের অতিরিক্ত তারল্য হ্রাস এবং বিনিয়োগ বৃদ্ধির জন্যে প্রচেষ্টা জোরদার করা হচ্ছে। ব্যাংক নিম্নলিখিত শরীয়াহ্ অনুমোদিত বিভিন্ন পদ্ধতিতে গ্রাহকদেরকে বিনিয়োগ প্রদান করে ঃ



ক. মুরাবাহা

মুরাবাহা পদ্ধতিতে গ্রাহকের ফরমায়েশ মোতাবেক শরীয়াহ্ অনুমোদিত কোনো পণ্য ক্রয় করে লাভসহ গ্রাহকের নিকট বিক্রয় করা হয়। অন্য কথায়, ক্রয় মূল্যের সাথে লভ্যাংশ যোগ করে বিক্রয় করাকে মুরাবাহা বলে। বিনিয়োগ গ্রাহকের অনুরোধ মোতাবেক কোনো তৃতীয় পক্ষের কাছ থেকে মাল কেনা হয়। ক্রয় এবং বিক্রয় মূল্য উভয়ই গ্রাহককে অবহিত করা হয়। মাল ব্যাংকের নিয়ন্ত্রণে থাকে। গ্রাহক ক্রমান্বয়ে অথবা এককালীন মূল্য পরিশোধ করে মালের ডেলিভারী নিয়ে থাকেন।

খ. বাই-মুয়াজ্জাল

বাই-মুয়াজ্জাল বলতে ক্রয় মূল্যের সাথে লভ্যাংশ যোগ করে বাকিতে বিক্রয় করা বুঝায়। এ ক্ষেত্রে পর্যাপ্ত সহায়ক জামানত নিতে হয়। গ্রাহক এবং ব্যাংকের মধ্যে সম্পাদিত নিশ্চিত চুক্তির ভিত্তিতে গ্রাহকের ফরমায়েশ মোতাবেক কোন তৃতীয় পক্ষের কাছ থেকে মাল কেনা হয়। ব্যাংক মাল স্বীয় নিয়ন্ত্রণে আনার পর বাকিতে গ্রাহককে ডেলিভারী দেয়। গ্রাহক নির্ধারিত সময়ের মধ্যে মূল্য পরিশোধ করেন। ক্রমান্বয়ে পরিশোধের ক্ষেত্রে আনুপাতিক হারে বাই-মুয়াজ্জাল বিনিয়োগ হিসাব সমন্বিত হয়।

গ. বাই-সালাম (আগাম ক্রয়)

এ পদ্ধতিতে ব্যাংক কোনো উৎপাদক কিংবা সরবরাহকারীর নিকট থেকে চুক্তিপত্রের ভিত্তিতে মাল ক্রয় করে নেয়। পণ্যের মূল্য আগাম পরিশোধ করা হয় এবং নির্ধারিত ভবিষ্যত কোনো তারিখে ব্যাংকে মাল সরবরাহ করা হয়। এ চুক্তিতে মালের পরিমাণ, গুণগত মান, আকার-আকৃতি, মূল্য, ডেলিভারীর সময়, ইত্যাদি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হয়।

ঘ. ইজারা বিল-বাইয়ি (হায়ার পার্চেজ, শিরকাতুল মিল্‌ক)

ক্রমাগত ব্যবহার করা যায় এমন পণ্য - যেমনঃ মোটর গাড়ি, যন্ত্রপাতি, ইত্যাদি ব্যাংক এবং গ্রাহক উভয় পক্ষ থেকে পুঁজি যোগানোর মাধ্যমে ক্রয় করে ভাড়ার ভিত্তিতে গ্রাহককে প্রদান করা হয়। উভয় পক্ষের মধ্যে চুক্তি সম্পাদিত হয়। চুক্তির ভিত্তিতে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে গ্রাহক কিস্তিতে ব্যাংকের মূল পাওনা ও চুক্তিভিত্তিক ভাড়া পরিশোধ করেন। ব্যাংকের মূল বিনিয়োগের উপর ভিত্তি করে ভাড়া সাব্যস্ত করা হয়। ব্যাংকের মূল বিনিয়োগ যতদিন পরিশোধিত না হচ্ছে ততদিন গ্রাহক পণ্যটির উপর ভাড়া প্রদান করে থাকেন।

ঙ. মুদারাবা

উদ্যোক্তার দক্ষতা ও যথাযথ ব্যবস্থাপনা সম্পর্কে নিশ্চিত হয়ে ব্যাংক গ্রাহককে পুরো মূলধন সরবরাহ করে। ব্যবস্থাপক হিসেবে উদ্যোক্তা ব্যবসা পরিচালনা করেন। উভয় পক্ষ সম্মত হারে লভ্যাংশ নিজেদের মধ্যে বন্টন করে নেয়। কিন্তু লোকসানের পুরো দায়ভার ব্যাংক একাই বহন করে। ব্যাংক যদি ইচ্ছা করে তাহলে প্রয়োজনীয় ক্ষেত্রে এ ধরনের বিনিয়োগ তদারকি করতে পারে কিন্তু সরাসরি ব্যবসা পরিচালনা ও ব্যবস্থাপনায় অংশগ্রহণ করতে পারে না।

চ. মুশারাকা

ইসলামী শরীয়াহ্ অনুমোদিত "শিরকাত আল ইনান" (অসম অংশদারিত্ব) নীতির অধীনে উভয় পক্ষ (ব্যাংক এবং গ্রাহক) পুঁজির যোগান দেয়। লাভ উভয় পক্ষ সম্মত হারে বন্টন করে নেয়। কিন্তু পুঁজির আনুপাতিক হারে লোকসান বহন করতে হয়। ব্যাংক বিনিয়োগের ব্যবহার তত্ত্বাবধান করে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অংশগ্রহণ করে।

ছ. কর্জ্জ

ব্যাংক বিশেষ ক্ষেত্রে যথাযথ নগদ জামানতের (Cash Collateral) বিপরীতে কর্জ্জ বা ঋণ প্রদান করে থাকে। এ ক্ষেত্রে পুঁজির জন্যে ব্যয়ের আনুপাতিক হারে সার্ভিস চার্জ আদায় করা হয়।

জ. বিশেষ বিনিয়োগ

আয়বর্ধক কর্মকান্ডসহ অর্থনীতির সকল দিক ব্যাংকের বিনিয়োগের আওতায় আনার উদ্দেশ্যে নতুন নতুন স্কীমের মাধ্যমে ব্যাংক বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করছে ও নিবিড়ভাবে তদারক করছে। ব্যাংক ইতোমধ্যেই সীমিত আয়ের লোকজন, ক্ষুদ্র ব্যবসায়ী এবং দরিদ্র জনগোষ্ঠীর আয়বর্ধক কর্মকান্ডে অগ্রগতি সাধনের উদ্দেশ্যে নিম্নলিখিত প্রকল্পসমূহ চালু করেছে ঃ

১. কাঙ্খিত সামগ্রী বিনিয়োগ প্রকল্প
২. মসজিদ-মাদ্রাসা ভিত্তিক বিনিয়োগ প্রকল্প
৩. ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগ প্রকল্প
৪. বিশেষ পল্লী বিনিয়োগ প্রকল্প
৫. পরিবহন বিনিয়োগ প্রকল্প

খাতওয়ারী বিনিয়োগ

(মিলিয়ন টাকা)

ক্রমিক নং	বিনিয়োগের খাত	টাকা
১	চিনি	১৩৩.৮৭
২	সিমেন্ট	৮৭.৮৯
৩	ভোজ্য তেল	২৯.৬৩
৪	নির্মাণ সামগ্রী ও রড সিমেন্ট, ইট ইত্যাদি	৬৯.১৯
৫	শিশু খাদ্য/গুড়ো দুধ	১৩৬.৯০
৬	রিয়েল এস্টেট	২৮৩.৪৩
৭	শিপ ব্রেকিং	৫৬.৯১
৮	টেক্সটাইল	৮২.০৩
৯	গার্মেন্টস	৩৩২.১০
১০	গোল আলু	১৭.৪৯
১১	কাপড়	৬১.৬৮
১২	এম এস রড, সি আই সীট, বি পি সীট	১৩২.৬৮
১৩	কয়লা ও ফার্নিস ওয়েল	২৫.২৩
১৪	নাইলন ও মনোফিলামেন্ট নেট	৩৩.৩০
১৫	রাসায়নিক	১০৯.৮৭
১৬	গম	১৩.১৯
১৭	পি ভি সি রেজিন	৫.৩২
১৮	ডিটারজেন্ট	২৬.৭৬
১৯	জিরা	২১.৯৪
২০	ফেব্রিক্স ও একসেসরিজ	১১০.৭১
২১	কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী	২২.০০
২২	ক্রোকারিজ	৭.২৫
২৩	সুয়েটার	২৫.৬৩
২৪	ছাতার কাপড় ও ছাতার শিক	৮.৩৪
২৫	ইলেকট্রিক ও ইলেকট্রনিক সামগ্রী	১৮৩.৭০
২৬	নিউজ প্রিন্ট	৪৮.৮১
২৭	পাওয়ার টিলার	৪১.২২
২৮	ফটোস্ট্যাট মেশিন ও টাইপ-রাইটার	৪.৩৫
২৯	মটর সাইকেল	৭.৮৭
৩০	জুতা	৩.৪১
৩১	মোটর গাড়ী	৮.৩৮
৩২	চাল	১৫৯.৬৭
৩৩	কার্পেট	২.৮৭
৩৪	লবণ	৫.৪১
৩৫	ধর্মীয় বই-পুস্তক	৬.২৪
৩৬	যন্ত্রপাতি	৯৭.০০
৩৭	গ্লাসওয়্যার	১২৪.৬৭
৩৮	এয়ার কুলার	৪.৯২
৩৯	পরিবহন	১০০.৮৯
৪০	ঔষধ ও ঔষধ সরঞ্জামাদি	৫.৮৫
৪১	পেট্রোল, অকটেন ইত্যাদি	৪.৩০
৪২	এল্যুমিনিয়াম	১.৪৮
৪৩	মুরগী খামার ও পোল্ট্রি ফিড	২.২২

(মিলিয়ন টাকা)

ক্রমিক নং	বিনিয়োগের খাত	টাকা
৪৪	কর্জে হাসানা	৮৯.১৩
৪৫	ভিটামিন	২.৩১
৪৬	লেদার ও কাঁচা চামড়া	৫.৭৮
৪৭	এম এস এস ক্যাপ	১৩.৪৩
৪৮	ঘড়ির যন্ত্রাংশ ও ব্লেন্ডার	৩.১১
৪৯	টায়ার কোর্ড	৪.৮৭
৫০	সেভিং ব্রাশ	০.৩৪
৫১	মটর পার্টস, অটো পার্টস ও লুব্রিকেন্টস	৭.০৫
৫২	কীটনাশক সার ও ঔষধ	১৩৮.২৮
৫৩	ওয়েল ফিল্টার	১.১৫
৫৪	এমব্রয়ডারী	২.১৪
৫৫	রিং রোলেবেল প্লেট	১০.৩৬
৫৬	প্লাই উড/কাঠ/হার্ড বোর্ড	১৯.৯৬
৫৭	ব্রাউন সালফেট পেপার	০.৩০
৫৮	টায়ার টিউব	২.১৫
৫৯	আলু বোখারা	১.০৯
৬০	ফুড স্টাফ	০.৮৯
৬১	স্টাপিউকা স্টার্চ	০.৭১
৬২	কিসমিস	৪.২৪
৬৩	এমব্রয়ডারী মেশিন/ফ্লো মিটার	৪.৮২
৬৪	তৈল কল/অয়েল মিল	১০.৯৩
৬৫	ডাল	০.৯৩
৬৬	মোটর ইঞ্জিন	১.১২
৬৭	মনিহারী দ্রব্যাদি/লেমিনেটিং সামগ্রী	২২.২০
৬৮	স্যানিটারী দ্রব্যাদি	১.২৪
৬৯	পাওয়ার টিলার ও ডিজেল ইঞ্জিন	৪১.২২
৭০	গ্লাস সীট	২.৭৩
৭১	স্টীল টিউব	২.১৪
৭২	বাই সাইকেল	০.৮৮
৭৩	ফার্নিচার	১.৬৯
৭৪	প্লাস্টিক	২২.৭৩
৭৫	পি এম সি	২৩.৭২
৭৬	স্বর্ণালংকার	০.১২
৭৭	হার্ডওয়ার সামগ্রী	৫.২৩
৭৮	প্রসাধনী সামগ্রী ও খেলনা	১.০৮
৭৯	পাথর	৬.৯০
৮০	কোমল পানীয় ও বেভারেজ আইটেম	৩.২০
৮১	তুলা ও তুলাজাত দ্রব্যাদি	০.১২
৮২	জি আই পাইপ	৫০.২০
৮৩	পাট	১০.৪৩
৮৪	লাইট	২.০১
৮৫	ক্লিনিক	৪.৬৮
৮৬	মুদি সামগ্রী	১.৭৮
৮৭	বাদাম ও সরিষা	০.৯৭
৮৮	আসবাবপত্র	০.৯৮
৮৯	অন্যান্য	১২৮.৪৪
		মোট ৩,৩০৬.৩৮

ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগ

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	শাখার নাম	হিসাব সংখ্যা	বিনিয়োগের পরিমাণ	পাওনার পরিমাণ
১	লালদিঘির পার, সিলেট	৫৪	১৫.৪২	১৬.৩৩
২	বরিশাল	২৬	১৫.০০	৯.৬৫
৩	নবাবপুর রোড, ঢাকা	২	০.৬৯	০.৬০
৪	বেনাপোল	২৬	৭.৮০	৮.২০
৫	ভি আই পি রোড, ঢাকা	৪	০.৯৮	০.৮৪
৬	নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা	৭	২.১১	১.৩৯
৭	ময়মনসিংহ	১	০.৫০	০.৫৮
৮	জিন্দাবাজার, সিলেট	২৯	৮.৩০	৭.৯৭
৯	মৌচাক, ঢাকা	২	০.৯০	০.৭০
১০	ধানমন্ডি, ঢাকা	৩৫	০.২৭	০.২৮
	মোট	**১৮৬**	**৫১.৯৭**	**৪৬.৫৪**

মস্‌জিদ মাদ্রাসা ভিত্তিক বিনিয়োগ

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	শাখার নাম	গ্রাহকের সংখ্যা	বিনিয়োগের পরিমাণ	পাওনার পরিমাণ
১	মতিঝিল, ঢাকা	৪২	৪০.৮১	৩৭.৩০
২	মৌলভীবাজার, ঢাকা	২১	৫.৩৪	৪.৫৪
৩	লালদিঘির পার, সিলেট	৫	১.০৫	০.৭০
৪	আগ্রাবাদ, চট্টগ্রাম	৩	১.৭৩	০.৫০
৫	খুলনা	২০	৫.০০	৪.২৬
৬	রাজশাহী	২	০.৩৭	০.৪১
৭	বগুড়া	৬	১.৪৫	১.৪৫
৮	বরিশাল	৩	১.৫০	০.৫৩
৯	সাতক্ষীরা	২৪	৬.৪৪	৫.১০
১০	নবাবপুর রোড, ঢাকা	৩	০.৮৩	০.৭১
১১	বেনাপোল	৬	১.৫০	১.৪৬
১২	মতিঝিল কর্পোরেট, ঢাকা	১	০.২৫	০.২৬
১৩	নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা	১	০.২৫	০.২০
১৪	মহাখালী, ঢাকা	২	০.৫০	০.১০
১৫	ময়মনসিংহ	১	০.৫০	০.৬৬
১৬	জিন্দাবাজার, সিলেট	১০	২.৪০	১.৭৮
১৭	মৌচাক, ঢাকা	৩	০.৬০	০.০৪
১৮	চৌমুহনী	২	০.৪৫	০.৫২
	মোট	**১৫৫**	**৭০.৯৭**	**৬০.৫২**

৭. বৈদেশিক বাণিজ্য

আলোচ্য বছরে ব্যাংকের আয়ের একটা বিরাট অংশ বৈদেশিক বাণিজ্য থেকে এসেছে। ১৯৯৯ সালে ব্যাংক ৫,৫৫৬ মিলিয়ন টাকার আমদানী বাণিজ্য করেছে, যা পূর্ববর্তী বছরে ছিল ৫,২৮০ মিলিয়ন টাকা। ১৯৯৯ সালে ব্যাংক ২,৩০৪ মিলিয়ন টাকার রপ্তানী বাণিজ্য করেছে যা পূর্ববর্তী বছরে ছিল ১,১০৩ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংক ১৭০টি স্থানে ৩৫টি বিদেশী ব্যাংকের সাথে এজেন্সি ও করেসপনডেন্ট সম্পর্ক প্রতিষ্ঠা করেছে।

আমদানী বাণিজ্য ও রপ্তানী বাণিজ্য



৮. জমার উপর বন্টিত মুনাফা

১৯৯৫ সাল থেকে ১৯৯৯ সাল পর্যন্ত জমার উপর বন্টিত মুনাফার বিবরণ নিম্নরূপ ঃ

ক্রমিক নং	জমার ধরন	১৯৯৫ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৬ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৭ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৮ সালে বন্টিত মুনাফার হার	১৯৯৯ সালে বন্টিত মুনাফার হার
১	মুদারাবা সঞ্চয়ী জমা	৬.৩২%	৭.০৩%	৭.৬৯%	৭.৯৮%	৭.৯৩%
২	৩ মাস মেয়াদী মুদারাবা জমা	৬.৬৫%	৮.২৫%	৯.০৩%	৯.৩৫%	৯.৩০%
৩	৬ মাস মেয়াদী মুদারাবা জমা	৭.৭৫%	৮.৬২%	৯.৪৪%	৯.৭৭%	৯.৭২%
৪	১২ মাস মেয়াদী মুদারাবা জমা	৮.১০%	৯.০০%	৯.৮৫%	১০.২০%	১০.১৫%
৫	২৪ মাস মেয়াদী মুদারাবা জমা	৮.২০%	৯.১৯%	১০.০৫%	১০.৪০%	১০.৩৬%
৬	৩৬ মাস মেয়াদী মুদারাবা জমা	৮.৩০%	৯.৩৮%	১০.২৬%	১০.৬২%	১০.৫৭%
৭	মুদারাবা শর্ট নোটিশ জমা	২.৯৪%	৩.২৮%	৩.৫৯%	৩.৭২%	৩.৭৪%
৮	মাসিক কিস্তিভিত্তিক হজ্জ জমা	৭.৭৮%	৯.৯৪%	১০.৮৭%	১১.২৭%	১১.২০%
৯	মাসিক কিস্তিভিত্তিক মেয়াদী জমা	৮.৭০%	৯.৮৫%	১০.৭৭%	১১.১৫%	১১.১০%
১০	এককালীন হজ্জ জমা	৯.১৩%	১০.৩২%	১১.৩১%	১১.৬৮%	১১.৬২%
১১	মাসিক সঞ্চয়ী বিনিয়োগ জমা	৮.১৩%	৯.১৯%	১০.০৫%	১০.৪১%	১০.৩৬%
১২	মাসিক মুনাফা প্রদান ভিত্তিক মেয়াদী জমা	৮.৪৫%	৯.৫৭%	১০.৪৬%	১১.৬৮%	১১.৬৩%

৯. পরিচালক নির্বাচন

ব্যাংকের সংঘবিধির ৯৮ অনুচ্ছেদ মোতাবেক গ্রুপ 'এ' ভুক্ত ৮ জন পরিচালক– সর্বজনাব (১) আলহাজ্ব মোঃ হারুন-অর রশিদ খান, (২) আলহাজ্ব আহমেদ আলী, (৩) আলহাজ্ব নাজমুল আহসান খালেদ, (৪) আলহাজ্ব মোঃ সাইফুল আলম, (৫) আলহাজ্ব ডাঃ বাহাউদ্দিন মুহাম্মাদ ইউসুফ, (৬) আলহাজ্ব আবদুল মালেক মোল্লা, (৭) আলহাজ্ব কাজী মোঃ মফিজুর রহমান এবং (৮) আলহাজ্ব মীর আহামদ সওদাগর অবসর গ্রহণ করবেন এবং অনুচ্ছেদ ১০০ অনুযায়ী পুনঃনির্বাচনযোগ্য বলে পুনঃনির্বাচিত হবেন।

১০. ডিভিডেন্ড

পরিচালক পর্ষদ ১৯৯৯ সালের জন্যে ব্যাংকের শেয়ারহোল্ডারগণকে ১২ শতাংশ হারে ডিভিডেন্ড প্রদানের জন্যে সুপারিশ করছে। এতে সম্মানিত শেয়ারহোল্ডারগণের সমর্থন প্রয়োজন। তাই এ সাধারণ সভায় তা অনুমোদনের জন্যে উপস্থাপিত হলো।

১১. বোর্ড/কমিটি সভা

আলোচ্য বছরে পরিচালক পর্ষদের ১১টি সভা এবং নির্বাহী কমিটির ২০টি সভা অনুষ্ঠিত হয়েছে।

১২. শাখা সম্প্রসারণ

অধিক সংখ্যক মানুষকে ইসলামী ব্যাংকিং-এর আওতায় আনার উদ্দেশ্যে দেশের বিভিন্ন এলাকায় নতুন শাখা খুলতে ব্যাংক সবিশেষ আগ্রহী। পূর্ববর্তী বছরের শাখা সংখ্যা ৩০টি থেকে বৃদ্ধি পেয়ে ৩১.১২.৯৯ তারিখে ৩৫টিতে উন্নীত হয়েছে। আরো ১৯টি শাখা খোলার জন্যে আবেদন করা হয়েছে এবং বাংলাদেশ ব্যাংকের নীতিগত সম্মতি পেলে শাখা খোলার পদক্ষেপ নেয়া হবে।



১৩. গ্রাহক সেবা

গ্রাহকদেরকে উন্নততর সেবা প্রদান এবং ব্যাংকিং কার্যক্রমে সর্বাধিক দক্ষতা আনয়নের উপর ব্যাংক সব সময় গুরুত্ব দিয়ে আসছে। এতদ্ব্যতীত গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সকল শাখায় কম্পিউটার সংস্থাপন করা হয়েছে।

১৪. লোকবল

ব্যাংকের সম্প্রসারিত অবস্থার সাথে সমন্বয় সাধনের জন্যে অভিজ্ঞতাসম্পন্ন নতুন লোকবল নিয়োগ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ব্যতীত ৩১.১২.৯৯ তারিখে ব্যাংকে নিয়োজিত মোট লোকবল ৬৬৪ জনে উপনীত হয়েছে। পূর্ববর্তী বছর শেষে এই সংখ্যা ছিল ৪২৮ জন। ব্যাংক আলোচ্য বছরে বেশ কিছু সংখ্যক মাদ্রাসা শিক্ষিত অফিসার নিয়োগ করেছে এবং তাদেরকে ইংরেজী ভাষা ও ব্যাংকিং বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং হচ্ছে। পর্ষদ আশাবাদ ব্যক্ত করছে যে, মাদ্রাসা শিক্ষিত অফিসারগণ শরীয়াহ্‌ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থা পরিচালনায় উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবেন। এজন্যে পর্ষদ সকলের সহযোগিতা কামনা করছে।

৩১.১২.১৯৯৯ তারিখে স্তরভেদে ব্যাংকের লোকবলের অবস্থা নিম্নরূপ ছিল ঃ

ক্রমিক নং	পদবী	সংখ্যা
০১	এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট	০১
০২	সিনিয়র ভাইস প্রেসিডেন্ট	০৩
০৩	ভাইস প্রেসিডেন্ট	০৭
০৪	ও. এস. ডি.	০৯
০৫	এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট	২০
০৬	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	১৫
০৭	প্রিন্সিপাল অফিসার	১৩
০৮	সিনিয়র অফিসার	২৪
০৯	অফিসার	৬৪
১০	প্রবেশনারী অফিসার	৪৪
১১	জয়েন্ট অফিসার	১৫
১২	ডেপুটি অফিসার	৩০
১৩	এসিস্ট্যান্ট অফিসার	২৬৪
১৪	সাব-এসিস্ট্যান্ট অফিসার	১৪
১৫	এমসিজি (ম্যাসেঞ্জার-কাম-গার্ড)	৮৩
১৬	গোডাউন সুপারভাইজার	১৯
১৭	গোডাউন গার্ড	২৩
১৮	টি-বয়	০৭
১৯	ড্রাইভার	০৯
	মোট	৬৬৪

১৫. প্রশিক্ষণ ও প্রেষণা (Training and Motivation)

জনশক্তির দৃষ্টিভঙ্গিতে পরিবর্তন আনা এবং দক্ষতা বৃদ্ধির জন্যে প্রশিক্ষণ ও প্রেষণা অত্যন্ত জরুরী। যে কোনো বাণিজ্যিক ব্যাংকের জন্যে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ জনশক্তি অপরিহার্য এবং তা মৌলিক শক্তিরূপে কাজ করে। একটি সনাতন সমাজ কাঠামোতে ইসলামী ব্যাংক পরিচালনার জন্যে প্রশিক্ষণপ্রাপ্ত ও উঁচুমানের অনুপ্রাণিত জনশক্তি অধিকতর প্রয়োজনীয়। এ উদ্দেশ্যে ব্যাংকিং-এর বিভিন্ন বাস্তব দিক এবং নৈতিক পুনর্গঠনের উপর প্রশিক্ষণ ও প্রেষণা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। ১৯৯৯ সালে ২৫টি প্রশিক্ষণ কোর্সে ৩১৭ কর্মদিবসে ৭৪,৯৮১ কর্মঘণ্টায় বিভিন্ন স্তরের ৫২১ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। পূর্ববর্তী বছরে ১৯টি প্রশিক্ষণ কোর্সে ২১৮ কর্মদিবসে ২৫,০২৮ কর্মঘণ্টায় বিভিন্ন স্তরের ৩৬৫ জন অংশগ্রহণকারী উৎসাহ-উদ্দীপনার সাথে এসব প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন। ১৯৯৮ সনের চেয়ে ১৯৯৯ সনে ৯৯টি কর্মদিবসে, ৪৯,৯৫৩ মনুষ্যঘণ্টায়, ৬টি কোর্সে, ১৫৬ জন বেশী প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণের অংশ হিসেবে প্রতিদিন ব্যাংকের কার্যক্রম শুরু করার পূর্বক্ষণে দর্‌সে কুরআনের অধিবেশন বসে। এ ছাড়াও যোহর নামাজের পর দর্‌সে হাদীস, মাসআলা-মাসায়েল এবং প্রত্যহ বাদ আছর পবিত্র কুরআন থেকে তাফসীর পেশ করা হয়। প্রশিক্ষণ ও প্রেষণা কার্যক্রমের ফলে কর্মচারী ও কর্মকর্তাগণের মধ্যে টিম স্পীরিট আসছে, দক্ষতা বৃদ্ধি পাচ্ছে, শৃঙ্খলাবোধ জাগ্রত হচ্ছে এবং নৈতিক মূল্যবোধের পুনরুজ্জীবন ঘটছে।

১৬. নিরীক্ষা ও পরিদর্শন

ব্যাংকের নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ আলোচ্য বছরে ৩০টি শাখা নিরীক্ষা ও পরিদর্শন করেছে। বাংলাদেশ ব্যাংক ১৯৯৯ সালে প্রধান কার্যালয়সহ ১২টি শাখা পরিদর্শন করেছে।

১৭. শরীয়াহ্ কাউন্সিলের কার্যক্রম

